দৈনিক বাংলা

তারিখ . 19 AUG 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

# জনগণকে কারিগরি ও পেশাগত শিক্ষা দিতে হবে ঃ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি আয়োজিত এক সেমিনারে বক্তাগণ দেশ থেকে দারিদ্র ও অশিক্ষা দূর করার উদ্দেশে শিক্ষা মানুষের অধিকার এবং নো ওয়ার্ক নো ফুড এই স্লোগান নিয়ে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছেন। তাঁরা বলেন, দেশে বর্তমানে বেকারের সংখ্যা দেড় কোটি। এর ওপর ফি-বছর আরও দশ লাখ করে বেকারের সংখ্যা বাড়ছে। বিপুলসংখ্যক লোক অশিক্ষা ও দারিদ্রের মধ্যে রেখে দেশের উন্নয়ন কোন ক্রমেই সম্ভব নয়। এজন্য আমাদের আন্দোলনেও স্লোগান পরিবর্তন করতে হবে। মঙ্গলবার অনুষ্ঠিত তেজগাঁওস্থ টেকনিক্যাল টিচার্স টেনিং কলেজ সম্মেলন কক্ষে "আত্মকর্ম সংস্থান ও কারিগরি শিক্ষা" শীর্ষক সেমিনারের প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার এবং বিশেষ অতিথি ছিলেন, অর্থ প্রতিমন্ত্রী মজিবর রহমান। এতে মূল প্রবন্ধ উপস্থাপক ছিলেন ডঃ এ এইচ এম হাবিবুর রহমান। এবিষয়ে আলোচক ছিলেন, দেশের বিশিষ্ট ব্যাংকার ও লেখক লুৎফর রহমান সরকার, অগ্রণী ব্যাংকের জেনারেল ম্যানেজার খন্দকার ইব্রাহিম খালেদ, অধ্যক্ষ মাহবুব মোকাররম হোসেন ও ইনস্টিটিউট ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স সভাপতি শফিউদ্দীন সরকার। এ সেমিনারে সভাপতিত্ব করেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবদুর রফিক।

আত্ম কর্মসংস্থান ও কারিগরি শিক্ষা প্রবন্ধের উপস্থাপক ডঃ হাবিবুর রহমান বলেন, চাকরির প্রতি মোহ ঔপনিবেশিক আমলের শিক্ষা ব্যবস্থারই ফল। এ শিক্ষা ব্যবস্থায় মেধা বিকাশের সুযোগ নেই। পাঠ্যসূচীতে এমন কিছু নেই যা চাকরির বিকল্প হিসাবে জীবিকা অর্জন বা কর্মসংস্থানকে একজন পেশা হিসাবে গ্রহণ করতে পারে।

প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী বলেন, শ্রমের মর্যাদা এবং সততার অভাব আমাদের উন্নতির অন্তরায়। উন্নত দেশে মানবসম্পদ আশীর্বাদ হিসাবে গণ্য হলেও আমাদের দেশে সঠিক প্রয়োগ এবং ব্যবহারের অভাবে তা বোঝা হয়ে দেখা দিয়েছে। অথচ আমাদের দেশের মানুষ বিদেশে গিয়ে কাজের মাধ্যমে সুনাম অর্জন করছে আর আমরা তাদের মেধার সঠিক প্রয়োগ করতে পারছি না। এ প্রসঙ্গে তিনি বলেন, বিদেশে শ্রমের মর্যাদা দেয়া হয় আর আমাদের পরিস্থিতি তার উল্টো।

শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশ একটি জনসংখ্যা অধ্যুষিত দেশ। তিনি বলেন, আমাদের বিপুল জনসংখ্যা জনসম্পদে পরিণত করতে হলে তাদেরকে কারিগরি ও পেশাগত শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে। তিনি বলেন, কারিগরি শিক্ষায় শিক্ষিত হলেই তাদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব হবে। তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি উৎকর্ষ অর্জনের ফলে গোটা পৃথিবী আজ সামনের দিকে এগিয়ে চলছে। তিনি দেশে বেকার সমস্যার সমাধানের লক্ষ্যে আত্ম-কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য কৃষি ও শিক্ষাখাতে উদ্যোক্তার বিকাশ সাধনের ওপর জোর দেন।

বিশেষ অতিথি অর্থ প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার নীতিগতভাবে আত্ম-কর্মসংস্থানকে গ্রহণ করেছে এবং বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে।